রাজধানীতে একদিনে কার্যক্রম নিষিদ্ধ আ.লীগের ১০৭ নেতাকর্মী গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

রাজধানীতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিশেষ অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ১০৭ নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। গত ২৪ ঘণ্টায় নগরীর বিভিন্ন এলাকায় ব্লক রেইড ও চিরুনি অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকালে মিন্টো রোডে ডিএমপির মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান অতিরিক্ত উপপুলিশ কমিশনার নিয়াজ মেহেদী। তিনি বলেন, নিষিদ্ধ সংগঠনের সদস্য এবং নাশকতার অভিযোগে অভিযুক্ত ব্যক্তিদের ধরতে বিভিন্ন এলাকায় অভিযান অব্যাহত রয়েছে।

সংবাদ সম্মেলনে নিয়াজ মেহেদী আরও জানান, সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও অভিনেত্রী জ্যোতিকা জ্যোতিকে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করা হয়েছে। সাবেক শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে হত্যা মামলাসহ মোট ১৪টি মামলা রয়েছে।

গ্রেপ্তার দুজনকে আদালতে হাজির করা হবে বলেও জানান ডিএমপির এই কর্মকর্তা।

LENS ASIA